

# ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা আপাতত টেস্ট পরীক্ষা নয়, চলবে ক্লাস

নিজস্ব বার্তা পরিবেশক

: রোববার, ০৯ নভেম্বর ২০২৫

উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার জন্য নির্দেশনা না পাওয়া পর্যন্ত টেস্ট পরীক্ষা না নেয়ার নির্দেশ দিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। রোববার, (০৯ নভেম্বর ২০২৫) ঢাকা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এসএম কামাল উদ্দিন হায়দার স্বাক্ষরিত এক জরুরি নির্দেশনায় এ তথ্য জানানো হয়।

সব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও সংশ্লিষ্ট সবাইকে নির্দেশনায় বলা হয়, ২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদের নিয়মিত ক্লাস চলমান থাকবে। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত নির্বাচনি পরীক্ষা গ্রহণ না করার জন্য অনুরোধ করা হলো।